



# যায়যায়দিন

যায়যায়দিন, ২৭-০৭-২০২৩, পৃষ্ঠা-০৫



## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে মশক নিধন অভিযান

ডেঙ্গুজ্বর নিয়ন্ত্রণ এবং মশার বংশ বৃদ্ধি রোধে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় রাজধানীর আফতাবনগরে মশক নিধন অভিযান পরিচালনা করেছে। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন কমিউনিটিকে সম্পৃক্ত করে এডিস মশা নিয়ন্ত্রণের উদ্যোগ গ্রহণ করেন।

বুধবার ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ছাড়াও এর আশপাশের মানুষকে সচেতন করতে র‍্য্যালি এবং মশার উৎপত্তিস্থল ধ্বংসে একটি মশক নিধন অভিযান পরিচালনা করেন।

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ও অর্থনীতি অনুষদের ডিন অধ্যাপক ড. এ কে এনামুল হক এবং বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. এম রুহুল আমিনের নেতৃত্বে এই মশক নিধন অভিযান এবং সচেতনতা কর্মসূচিতে ঢাকা উত্তর সিটি করপোরেশনের স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর জাহাঙ্গীর আলমও অংশগ্রহণ করেন।

ওয়ার্ড কাউন্সিলর বলেন, প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান যদি নিজেদের শিক্ষার্থীদের সচেতনতার পাশাপাশি তাদের আশপাশে পরিচ্ছন্নতার জন্য এ ধরনের উদ্যোগ গ্রহণ করে তাহলে খুব দ্রুতই আমরা ডেঙ্গুকে মোকাবেলা করতে সক্ষম হব।

এ সময়ে শিক্ষক-শিক্ষার্থীরা ও স্থানীয়দের উদ্দেশে সাম্প্রতিক সময়ে ডেঙ্গুর ভয়াবহ পরিস্থিতির কথা তুলে ধরেন। একই সঙ্গে মশার কামড় থেকে দুর্বল জনগোষ্ঠী, বিশেষ করে শিশু এবং বয়স্কদের রক্ষা করার প্রতিটি পরিবারের অন্য সদস্যদের সক্রিয় হবার জন্য আহ্বান জানান। ■ সংবাদ বিজ্ঞপ্তি